

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সাইবার ট্রাইব্যুনাল-এর কার্যালয়

বরিশাল

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-সাই/ট্রাই-১৩/২০২১


তারিখ : ২১/১০/২০২১ খ্রিঃ

সাইবার ট্রাইব্যুনাল বরিশাল-এ সরকারি বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য ভাতাদিসহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শূন্য পদে নিয়োগের জন্য উপযুক্ত প্রার্থী বাছাইয়ের নিমিত্ত নিম্নলিখিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগতযোগ্যতা ও অভিজ্ঞতা
০১	ড্রাইভার	০১টি	টাকা ৯,৩০০-২২,৪৯০/- সহ বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদি। (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) গ্রেড-১৬	ক) অষ্টম শ্রেণী পাশ। খ) মোটরগাড়ী চালানোর পেশাদার বৈধ লাইসেন্সধারী হতে হবে (তবে অভিজ্ঞ প্রার্থীগণ অগ্রাধিকার প্রাপ্ত হবেন)

শর্তাবলী :-

- আবেদনপত্রে প্রার্থীর ক) নিজের নাম, খ) পিতার নাম, গ) মাতার নাম, ঘ) স্থায়ী ঠিকানা, ঙ) বর্তমান ঠিকানা (পত্র যোগাযোগের ঠিকানা), চ) জাতীয়তা, ছ) ধর্ম, জ) জন্মতারিখ, ঝ) নিজ জেলা, ঞ) শিক্ষাগত যোগ্যতা ও ট) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখপূর্বক সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ২য় আদালত, বরিশাল বরাবর দরখাস্ত করতে হবে।
- প্রার্থীর বয়সসীমা ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখে ১৮ (আঠারো) হতে ৩০ (ত্রিশ) বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তান/পোষ্য/নাতি/নাতনি হলে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
(ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম, পদবি সংবলিত সিলসহ) কর্তৃক সত্যায়িত;
(i) সদ্যতোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
(ii) পেশাদার ড্রাইভিং লাইসেন্স-এর ফটোকপি;
(iii) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি;
(iv) মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য/নাতি/নাতনি হিসেবে আবেদনকারী হলে আবেদনপত্রের সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী হালনাগাদকৃত মুক্তিযোদ্ধা সনদপত্রের ফটোকপি;
(খ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত মূল নাগরিকত্ব সনদপত্র;
(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম, পদবি সংবলিত সিলসহ) কর্তৃক প্রদত্ত মূল চারিত্রিক সনদপত্র;
(ঘ) আবেদনপত্রের সাথে প্রাপক হিসেবে আবেদনকারীর নাম ও পত্র যোগাযোগের ঠিকানা (বর্তমান ঠিকানা) উল্লেখপূর্বক ১০/- (দশ) টাকা মূল্যমানের ডাকটিকিট সংবলিত ১০ ইঞ্চি x ৪.৫ ইঞ্চি মাপের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে। যা উপযুক্ত আবেদনকারীর প্রতি প্রবেশপত্র ইস্যুর জন্য প্রয়োজন হবে।
- ৩নং শর্তে বর্ণিত কাগজপত্রসহ আবেদনপত্রটি একটি খামে ভরে আগামী ০২/১১/২০২১ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ২য় আদালত, বরিশাল এই ঠিকানায় ডাকযোগে/কুরিয়ার সার্ভিস/সরাসরি পৌছাতে হবে। উক্ত তারিখের পর প্রাপ্ত দরখাস্ত কোনোভাবে গ্রহণযোগ্য হবে না।
- চাকুরিরত প্রার্থীগণ নির্ধারিত তারিখের মধ্যে স্বীয় কর্তৃপক্ষের মাধ্যমে বয়স থাকা সাপেক্ষে আবেদন করতে পারবেন।
- অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ বা বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার সময় প্রার্থীদেরকে পেশাদার ড্রাইভিং লাইসেন্স, শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সকল প্রকার মূল সনদপত্র প্রদর্শন করতে হবে।
- উপযুক্ত প্রার্থী বাছাইয়ের জন্য আগামী ১১/১১/২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯:০০ ঘটিকায় জেলা ও দায়রা জজ আদালত ভবন, বরিশাল-এ প্রার্থীদের লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে। এ লক্ষ্যে প্রার্থীদের পত্র যোগাযোগের ঠিকানায় (বর্তমান ঠিকানা) প্রবেশপত্র ইস্যু করা হবে। তবে উপযুক্ত কোন প্রার্থী ইতোমধ্যে প্রবেশপত্র না পেয়ে থাকলে পরীক্ষার দিন সকাল ০৮:৩০ ঘটিকার মধ্যে সভাপতি, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি ও অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ২য় আদালত, বরিশাল-এর কার্যালয়ে হাজির হয়ে এক কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবিসহ ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন।
- বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদে নিয়োগের ক্ষেত্রে নিয়োগ সংক্রান্ত বিধি-বিধান এবং আনুষ্ঠানিকতা অনুসরণ করা হবে।
- লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ (ভ্রমণ/দৈনিক ভাতা) প্রদান করা হবে না।
- অত্র নিয়োগ বিজ্ঞপ্তি কোন চাকুরির নিশ্চয়তা প্রদান করে না। কর্তৃপক্ষ প্রয়োজন সাপেক্ষে পদ সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার এবং কোন কারণ দর্শানো ব্যতীত এ নিয়োগ সংক্রান্ত যাবতীয়/আর্থিক কার্যক্রম যে কোন সময় স্থগিত অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


(মোহাম্মদ শফিকুল ইসলাম)

সভাপতি
নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি